iBAS++



ইএফটি সিস্টেম

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি" (এসপিএফএমএস) শীর্ষক কর্মসূচি বাংলাদেশ সরকারের আর্থিক ব্যবস্থাপনাকে আধুনিকীকরণ ও ডিজিটালাইজড্ করার নিমিত্তে বিভিন্ন ধরনের পরিকল্পনা বাস্তবায়ন করছে। "ইন্টিগ্রেটেড বাজেট এবং অ্যাকাউন্টিং সিস্টেম" (আইবাস++)"এসপিএফএমএস" কর্মসূচির একটি গুরুত্বপূর্ণ সিস্টেম যা কেবল বাজেট প্রস্তুতি এবং বাস্তবায়ন এর কাজের ভিতর সীমাবদ্ধ নেই বরং আর্থিক লেনদেনকে স্বয়ংক্রিয় করেছে "ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার" (ইএফটি) করার মাধ্যমে।

বর্তমানে, আইবাস++ সিস্টেমের আওতায় ৯৬% সরকারি কর্মকর্তা- কর্মচারী ইএফটি-এর মাধ্যমে বেতন- ভাতাদি গ্রহণ করছেন। এছাড়া, শতভাগ পেনশনার ইএফটি- এর মাধ্যমে পেনশন গ্রহণ করছেন। সম্প্রতি, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ইএফটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ ব্যবস্থা চালু হওয়ার ফলে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষক প্রতিমাসের প্রথম কার্যদিবসে বেতন গ্রহণ করেন। এ পদ্ধতিতে সংশ্লিষ্ট প্রাপক ইএফটি সংক্রান্ত টেক্সট ম্যাসেজ তার মোবাইল ফোনে গ্রহণ করেন এবং তার সংশ্লিষ্ট ব্যাংক অ্যাকাউন্টে বেতন-ভাতার অর্থ জমা হয়। এটি কেবল বেতন লেনদেনের সঙ্গেই কাজ করে না বরং এটি প্রতিটি শিক্ষকের সমস্ত ধরনের তথ্যের ভান্ডার হিসাবেও কাজ করে যা ইতোপূর্বে ম্যানুয়্যালি রাখা হত। ইএফটি চালু হওয়ার জন্য যে কোন প্রতারণামূলক অর্থ প্রদান খুব সহজেই সনাক্ত করা যায়।

টাইমলাইন

ম্যানুয়াল এবং ইফটি পদ্ধতি

ম্যানুয়াল পদ্ধতি

দিন ১
প্রতি মাসের ১১ তারিখে সমন্বয় সভা

দিন ২
হিসাবরক্ষণ অফিস কর্তৃক বিল ফর্ম পূরণ

দিন ৩
বিল ফর্মে ডিডিওর অনুমোদন

দিন ৪
বিল ফর্মে শিক্ষকদের বেতন তথ্যাদি দাখিল

দিন ৫
হিসাবরক্ষণ অফিস কর্তৃক ব্যাংক এডভাইস ও টোকেন ইস্যু এবং দায়িত্বপ্রাপ্ত ব্যাংকে দাখিল

দিন ৬

দিন ৭

দিন ৮
বাংলাদেশ/ সোনালী ব্যাংক কর্তৃক টোকেন ও ব্যাংক এডভাইস অনুযায়ী বেতন প্রদান

ম্যানুয়ার পদ্ধতিতে বেতন ক্রেডিট

ম্যানুয়াল বেতন পদ্ধতির অসুবিধাসমূহঃ

- প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকেরা মাসের তিন/চার তারিখে বেতন গ্রহণ করতেন।
- ম্যানুয়াল পদ্ধতিতে সংরক্ষিত তথ্যসমূহ সহজেই হারিয়ে যাওয়ার ঝুঁকি থাকে।
- ম্যানুয়াল পদ্ধতি অস্বচ্ছ এবং এটা কোন ধরনের নির্ভুলতা নিশ্চিত করে না।
- উপজেলা শিক্ষা অফিসকে বিদ্যালয় থেকে প্রাপ্ত মাসিক রিপোর্টের ভিত্তিতে প্রশিক্ষিত শিক্ষকের বিপরীতে একটি করে ম্যানুয়ালি বিল ফরম তৈরী করতে হত।
- এই প্রক্রিয়া শুরু হত প্রতি মাসের ২০ তারিখে এবং বেতন বিল প্রক্রিয়া সম্পাদন করতে কমপক্ষে আটটি কর্মদিবস ব্যয় করতে হত।

ইএফটি পদ্ধতি

দিন ১
প্রতি মাসের ১১ তারিখে সমন্বয় সভা

দিন ২
আইবাস++ এর মাধ্যমে ডিডিও কর্তৃক বিল প্রেরণ

হিসাবরক্ষণ অফিস ডিডিও কর্তৃক অনুমোদিত বিল অনলাইনের মাধ্যমে গ্রহণ

হিসাবরক্ষণ অফিস কর্তৃক বাংলাদেশ ব্যাংকে "ইএফটি" প্রেরণ

দিন ৩
বাংলাদেশ ব্যাংক "ইএফটি" র মাধ্যমে বেতন প্রদান

বেতন জমা

৯০%

* অক্টোবর ২০২১

৪,০৮,৩২৬
সর্বমোট প্রাথমিক বিদ্যালয় শিক্ষক

৩,৬৫,০৪৩
ইএফটি অন্তর্ভূক্ত প্রাথমিক বিদ্যালয় শিক্ষক

৬৫,৭৩৯
সর্বমোট প্রাথমিক বিদ্যালয়

৫১২
পে-পয়েন্টসমূহ

"ইএফটি" বেতন পদ্ধতির সুবিধাসমূহ

- "ইএফটি" পদ্ধতিতে আটটি কর্মদিবসের পরিবর্তে তিনটি কর্মদিবসে বেতন বিল প্রক্রিয়া সম্পাদিত হয়।
- সকল শিক্ষক মাসের প্রথম কর্ম দিবসে বেতন গ্রহণ করেন।
- ইএফটি পদ্ধতি বেতন লেনদেন কার্যক্রমকে পূর্ণ নিরাপত্তা প্রদান করে।
- ম্যানুয়াল পদ্ধতির সাথে জড়িত অযাচিত মানসিক চাপ দূর করে।
- উপজেলা শিক্ষা অফিসের হাজার হাজার কাগজের খরচ বাঁচায় এবং পরিবেশ বান্ধব প্রক্রিয়া নিশ্চিত করে।
- বেতন পদ্ধতির সাথে জড়িত সকলের অপ্রয়োজনীয় যাতায়াত খরচ ও সময় বাঁচায়।

ইএফটি পদ্ধতি প্রভাব বিশ্লেষণ

এখানে "ম্যানুয়াল" ও "ইএফটি" পদ্ধতির বেতন প্রক্রিয়া সম্পাদনের ক্ষেত্রে পার্থক্য দেখানো হয়েছে এবং কিভাবে আইবাস++ অর্থ, সময় ও যাতায়াতের সংখ্যা কমিয়ে জনগণের জীবনকে সহজ ও গতিশীল করেছে- তা বোঝানো হয়েছে।

একটি উপজেলা				৪৯২ উপজেলা
ম্যানুয়াল		ইএফটি		
৮	দিন	৩		৩৯৩৬ দিন
৬২৩	খরচ (টাকা)	০		৩০৬,৫১৬ টাকা
৩	যাতায়াত	০		১৪৭৬ যাতায়াত

"নিঃসন্দেহে, "ইএফটি" সিস্টেম শিক্ষকের জীবনে একটি উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। এখন, বেতন পাওয়ার জন্য আমাদের আর অপেক্ষা করতে হয় না। এখন আমরা প্রতিমাসের প্রথম কর্ম দিবসে বাংলাদেশ ব্যাংক থেকে মোবাইল টেক্সটের জন্য অপেক্ষা করি।

মোঃ জিল্লুর রহমান

বিজয় নগর সরকারী প্রাথমিক বিদ্যালয়, উপজেলাঃ যশোর সদর, জেলাঃ যশোর।

"আইবাস++ "ইএফটি"-র মাধ্যমে বেতন ব্যবস্থাকে কাগজবিহীন, সুবিধাজনক, স্বচ্ছ এবং ঝুঁকিমুক্ত করেছে। আগের জটিল বেতন প্রক্রিয়াকরণকে সুশৃঙ্খল করেছে।

রমিতা ইসলাম

উপজেলা শিক্ষা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।

ইম্প্রুভমেন্ট অব পাবলিক ফাইন্যান্সিয়াল সার্ভিস ডেলিভারি থ্রু ইমপ্লিমেন্টেশন অব BACS & iBAS++

স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ibas.finance.gov.bd

Institution of Engineers Bangladesh
(IEB), 4th Floor Ramna, Dhaka-1000

88 02 55110546-55
E-mail: info@ibas.gov.bd